দৈনিক ইত্তেফাক

তারিখ ... 9 MAY 1990
পৃষ্ঠা ... 2 কলাম ... ৬

03

৬২

## গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান প্রসঙ্গ

দেশের প্রায় প্রত্যেকটি স্কুল-কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে ছোট-বড় গ্রন্থাগার আছে। অথচ সব গ্রন্থাগারে প্রশিক্ষণপ্রাপ্ত গ্রন্থাগারিক নাই। ফলে গ্রন্থাগারগুলি সুষ্ঠুভাবে পরিচালিত হইতেছে না। এই বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনার্স-সহ মাষ্টার ডিগ্রী ও গ্রন্থাগার এসোসিয়েশন ডিপ্লোমা ডিগ্রী প্রদান করিতেছে। কিন্তু দেশের চাহিদা পূরণে প্রয়োজনীয় সংখ্যক পাস করা লোক বাহির হইতেছে না। বিদেশে এই বিষয়টির যথেষ্ট চাহিদা থাকায় অনেকেই দেশ হইতে সার্টিফিকেট গ্রহণ করিয়া বিদেশে চলিয়া যাইতেছে। দেশের স্কুল, কলেজ, বিশ্ববিদালয় ছাড়াও এখন বিভিন্ন ক্লাব, সংগঠন এবং বাণিজ্যিক প্রতিষ্ঠানেও গ্রন্থাগার গড়িয়া উঠিতেছে। ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার বিজ্ঞান বিষয়টির নাম পরিবর্তন করিয়া গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান নামকরণ করিয়াছেন। সুতরাং দেশ ও জাতির স্বার্থে কলেজের সিলেবাসে অন্তর্ভুক্ত করা জরুরী প্রয়োজন।

—মুহম্মদ আখতারুজ্জামান,
অধ্যক্ষ, ডাঃ সেকান্দর আলী কলেজ,
শেরপুর টাউন, শেরপুর।